

= সোয়াদ | □□d | —

আয়াতঃ ৩৮:৬

আ আরবি মূল আয়াত:

وَ انطَلَقَ المَلَا مِنهُم آنِ امشُوا وَ اصبِرُوا عَلَى الهَتِكُم إِنَّ هٰذَا لَشَىءٌ يُرَادُ ﴿٤﴾

আর তাদের প্রধানরা চলে গেল একথা বলে যে, 'যাও এবং তোমাদের উপাস্যগুলোর উপর অবিচল থাক। নিশ্চয় এ বিষয়টি উদ্দেশ্য প্রণোদিত'। — আল-বায়ান

তাদের প্রধানরা প্রস্থান করে এই ব'লে যে, 'তোমরা চলে যাও আর অবিচলিত চিত্তে তোমাদের ইলাব্দের পূজায় লেগে থাক। অবশ্যই এ ব্যাপারটির পিছনে অন্য উদ্দেশ্য আছে। — তাইসিরুল

তাদের প্রধানরা সরে পড়ে এই বলেঃ তোমরা চলে যাও এবং তোমাদের দেবতাগুলির পূজায় তোমরা অটল থাক। নিশ্চয়ই এ ব্যাপারটি উদ্দেশ্যমূলক। — মুজিবুর রহমান

And the eminent among them went forth, [saying], "Continue, and be patient over [the defense of] your gods. Indeed, this is a thing intended. — Sahih International

৬. আর তাদের নেতারা এ বলে সরে পড়ে যে, তোমরা চলে যাও এবং তোমাদের দেবতাগুলোর পূজায় তোমরা অবিচলিত থাক। নিশ্চয় এ ব্যাপারটি উদ্দেশ্যমূলক।

তাফসীরে জাকারিয়া

- (৬) ওদের প্রধানেরা এ বলে সরে পড়ল, 'তোমরা চল এবং তোমাদের দেবতাগুলির পূজায় তোমরা অবিচলিত থাক।[1] নিশ্চয়ই এটি কোন উদ্দেশ্যমূলক। [2]
 - [1] অর্থাৎ, নিজের ধর্মের উপর অটল থাক এবং মূর্তিপূজা করতে থাক, মুহাম্মাদের কথায় কান দিয়ো না!
 - [2] অর্থাৎ, সে আসলে আমাদেরকে আমাদের উপাস্য থেকে দূরে সরিয়ে তাঁর অনুসারী বানাতে এবং নিজের নেতৃত্ব ও কর্তৃত্ব মানাতে চাচ্ছে।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3976

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন